

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
সাধারণ সেবা শাখা
ঢাকা

স্মারক নং ১৯.০০.০০০০.১৫১.৩৭.০০১.২৬/০১

তারিখঃ ১৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিঃ

নোটিশ

পররাষ্ট্র মন্ত্রণালয়ের কোটাভুক্ত বেইলি রোডস্থ “সুপিরিয়র” শ্রেণির কাহকেশান ও “এফ” শ্রেণির “সিডব্লিউএস(বি)-৪, করতোয়া, সড়ক নং-৩৬, গুলশান, ঢাকাস্থ অফিসার্স কোয়ার্টার বাসাগুলোর নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ বরাদ্দের লক্ষ্যে নিম্নোল্লিখিত প্রাধিকারপ্রাপ্ত এ মন্ত্রণালয়ের আর্থহী কর্মকর্তাগণের কাছ থেকে সরকারী আবাসন পরিদপ্তরের নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে:


বাসা বরাদ্দ প্রাপ্তির যোগ্যতা				
বাসার ঠিকানা	বাসার শ্রেণি	ফ্ল্যাট সমূহ	গ্রেড	ন্যূনতম মূল বেতন
সিডব্লিউএস(বি)- ৪, করতোয়া, গুলশান, ঢাকা	এফ	১(এ)	গ্রেড ৬ এবং তদুর্ধ্ব	৩৫,৫০০ টাকা
		৫(এ)		
		৯(এ)		
কাহকেশান, বেইলী রোড, ঢাকা	সুপিরিয়র শ্রেণী	কে-৭	গ্রেড ৩ এবং তদুর্ধ্ব	৬১,১২০ টাকা

২। প্রাধিকারপ্রাপ্ত আর্থহী কর্মকর্তাকে আগামী ৩১ মার্চ ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদনপত্র জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বাংলাদেশ বরাদ্দ নীতিমালা, ১৯৮২-এর ৫(১) ও ৫(২) উপবিধি অনুসারে প্রাধিকারভুক্ত প্রার্থী পাওয়া না গেলে কিছু নির্দিষ্ট শর্তসাপেক্ষে, কোন কর্মকর্তাকে যে শ্রেণির আবাসন পাওয়ার প্রাধিকার উহা অপেক্ষা উচ্চতর শ্রেণির আবাসন বরাদ্দ যেমন দেওয়া যায় তেমন একধাপ নিম্নশ্রেণীর আবাসনও বরাদ্দ দেওয়া যেতে পারে।

৩। আবেদনপত্রে ফেব্রুয়ারি, ২০২৬ মাসের উল্লেখিত বেতন অনুযায়ী বেতন স্কেল ও মূল বেতন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্থায়ী পদে যোগদানের তারিখ, বর্তমান পদবী ও কর্মস্থল, জন্মতারিখ এবং সংশ্লিষ্ট শ্রেণীর বাসা প্রাপ্তির যোগ্যতা অর্জনের তারিখ (যে তারিখে মূল বেতন ন্যূনতম ৩৫,৫০০ টাকা ও ৬১,২০০ টাকা) উল্লেখ করতে হবে।

৪। সরকারি আবাসন পরিদপ্তরের ২৫.৪৩.০০০০.০০০.০০২.৯৯.০০০৩.২০.২; তাং-২৯-০১-২০২৬ সূত্র অনুযায়ী, মিশনে বদলি/পদায়ন জনিত কারণে সরকারি বাসায় অবস্থানের বিষয়ে বাংলাদেশ বরাদ্দ বিধিমালা-১৯৮২ এর উপবিধি ১৫(২) ও ১৫(৩) অনুযায়ী অননুমোদিতভাবে দখলে রাখার সময়কালে দ্বিগুন হারে ভাড়া আদায়ের বিষয়টি আবশ্যিকভাবে প্রতিপালিত হইবে।

৫। সরকারি আবাসন নীতিমালা, ১৯৮২ অনুসারে এবং প্রদত্ত ক্ষমতাবলে বাসা বরাদ্দ দেওয়া হবে। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ নোটিশ জারি করা হলো।


15.02.2026

(কৌশিক ভদ্র)

সহকারী সচিব (সাধারণ সেবা)

ফোনঃ ০২২২৩৩৮২৯৫৩

বিতরণঃ

- (১) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- (২) সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, ফরেন সার্ভিস একাডেমি, ঢাকা।
- (৩) সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৪) অফিস কপি/ নোটিশ বোর্ড।